# অধ্যায়-১ : ব্যবসায় পরিচিতি

১. **ব্যবসায়ের প্রধান লক্ষ্য কী?** (জ্ঞান)
ক জীবিকা নির্বাহ খ মুনাফা অর্জন
গ ক্রয়-বিক্রয় ঘ সেবা প্রদান **খ**

২. **সাধারণভাবে মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত অর্থনৈতিক কর্মকাণ্ডকে কী বলা হয়?** (জ্ঞান)
ক বাণিজ্য খ ব্যবসায়
গ শিল্প ঘ প্রত্যক্ষ সেবা **খ**

৩. **ব্যবসায় কার্যক্রমের উদ্ভব ঘটে —** (অনুধাবন)
i. অর্থনৈতিক কর্মকাণ্ডকে ঘিরে
ii. লেনদেনকে ঘিরে
iii. সংস্কৃতিকে ঘিরে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৪. **যেকোনো অর্থনৈতিক কাজ ব্যবসায়ের অন্তর্ভুক্ত হবে যদি —** (অনুধাবন)
i. জীবিকা নির্বাহের জন্যে করা হয়
ii. মুনাফা অর্জনের জন্যে করা হয়
iii. বিনোদনের জন্যে করা হয়
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৫. **মুনাফা অর্জনের উদ্দেশ্যে পরিচালিত কর্মকাণ্ড ব্যবসায় হিসেবে গণ্য হবে যদি ব্যবসায় –** (উচ্চতর দক্ষতা)
i. বৈধ হয়
ii. সঠিকভাবে পরিচালিত হয়
iii. আইনসম্মতভাবে গৃহীত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৬. **কোনটি বৃদ্ধির কারণে দিন দিন অর্থনৈতিক কর্মকাণ্ডের আওতা বাড়ছে?** (জ্ঞান)
ক চাহিদা খ উৎপাদন
গ লেনদেন ঘ পণ্য বণ্টন **ক**

৭. **কোন যুগে অর্থের প্রচলন ঘটে?** (জ্ঞান)
ক প্রাচীন যুগে খ মধ্য যুগে
গ আধুনিক যুগে ঘ প্রস্তর যুগে **খ**

৮. **ব্যবসায়ের ক্রমবিকাশের ধারায় কোন কাজটি প্রাচীনযুগে করা হতো?** (জ্ঞান)
ক বাজার সৃষ্টি খ মোবাইল ব্যাংকিং
গ পশু শিকার ঘ টেলিগ্রাম **গ**

৯. **বিনিময়ের মাধ্যম হিসেবে দুষ্প্রাপ্য (শামুক, ঝিনুক স্বর্ণ) দ্রব্যের ব্যবহার শুরু হয় কখন?** (অনুধাবন)
ক প্রাচীন যুগে খ মধ্য যুগে
গ আধুনিক যুগে ঘ প্রাগৈতিহাসিক যুগে **খ**

১০. **ব্যবসায় সংগঠনের উদ্ভব হয় কখন?** (অনুধাবন)
ক প্রাচীন যুগে খ মধ্য যুগে
গ আধুনিক যুগে ঘ প্রাগৈতিহাসিক যুগে **খ**

১১. **বিমা ব্যবস্থার প্রচলন ঘটে কোন যুগে?** (জ্ঞান)
ক প্রাচীন খ মধ্য
গ আধুনিক ঘ প্রাগৈতিহাসিক **গ**

১২. **মধ্য যুগে প্রচলন ঘটে —** (অনুধাবন)
i. কাগজি মুদ্রার ii. বাজার ও শহরের
iii. বৃহদায়তন উৎপাদনের
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৩. **শিল্পকে প্রধানত কয়ভাগে ভাগ করা হয়েছে?** (জ্ঞান)
ক ৩ ভাগে খ ৪ ভাগে
গ ৫ ভাগে ঘ ৬ ভাগে **গ**

১৪. **শ্রম ও যন্ত্রের মাধ্যমে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করে কোন শিল্প?** (জ্ঞান)
ক উৎপাদন শিল্প খ নির্মাণ শিল্প
গ নিষ্কাশন শিল্প ঘ সেবা শিল্প **ক**

১৫. **কোন শিল্পের উৎপাদন সামগ্রী পুনরায় উৎপাদন কাজে ব্যবহৃত হয়?** (জ্ঞান)
ক প্রজনন খ নিষ্কাশন
গ নির্মাণ ঘ উৎপাদন **ক**

১৬. **পানি থেকে বিদ্যুৎ উৎপাদন কোন শিল্পের অন্তর্ভুক্ত?** (অনুধাবন)
ক প্রজনন খ নিষ্কাশন
গ উৎপাদন ঘ সেবা **খ**

১৭. **রিনা কক্সবাজারের সমুদ্র সৈকত থেকে ঝিনুক সংগ্রহ করে পর্যটকদের নিকট বিক্রয় করে। এটি কোন শিল্পের অন্তর্ভুক্ত?** (প্রয়োগ)
ক প্রজনন শিল্পের খ সেবা শিল্পের
গ নিষ্কাশন শিল্পের ঘ নির্মাণ শিল্পের **গ**

১৮. **যাত্রাবাড়ী ফ্লাইওভার তৈরি কোন শিল্পের আওতাধীন?**
ক নিষ্কাশন খ সেবা
গ নির্মাণ ঘ উৎপাদন **গ**

১৯. **মোবাইল ফোন কোম্পানি কোন ধরনের শিল্প?** (জ্ঞান)
ক সংযোজন খ নির্মাণ
গ উৎপাদন ঘ সেবা **ঘ**

Teachingbd.com

২০. আধুনিককালে ব্যবসায় ট ব্যবসায় বলে অভিহিত করা হয় কোনটিকে? (জ্ঞান)
ক বাণিজ্যকে খ ব্যাংককে
গ বিমাকে ঘ বিজ্ঞাপনকে **ক**

২১. ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা কোনটি? (জ্ঞান)
ক শিল্প খ বাণিজ্য
গ প্রত্যক্ষ সেবা ঘ উৎপাদন **খ**

২২. এক সময়ের পণ্য অন্য সময়ে ভোগ করতে কোনটির সহায়তা প্রয়োজন? (অনুধাবন)
ক পরিবহন খ গুদামজাতকরণ
গ মোড়ককিকরণ ঘ বিজ্ঞাপন **খ**

২৩. ব্যবসায়ের ক্ষেত্রে তথ্যগত বাধা দূর করা যায় কোনটির মাধ্যমে? (অনুধাবন)
ক পণ্য বিনিময় খ পরিবহন
গ ব্যাংকিং ঘ বিজ্ঞাপন **ঘ**

২৪. ব্যবসায়ের সময়গত বাধা দূর করে কোনটি? (জ্ঞান)
ক গুদামজাতকরণ খ বিমা
গ ব্যাংকিং ঘ পরিবহন **ক**

২৫. Trade কী? (জ্ঞান)
ক পণ্য ক্রয় খ পণ্য বিক্রয়
গ রূপান্তর ঘ পণ্য বিনিময় **ঘ**

২৬. অডিট ফার্ম কোন ধরনের ব্যবসায়ের মধ্যে পড়ে? (জ্ঞান)
ক প্রত্যক্ষ সেবা খ পরোক্ষ সেবা
গ শিল্প ঘ বাণিজ্য **ক**

২৭. আধুনিক ব্যবসায়ের গুরুত্বপূর্ণ শাখা কোনটি? (জ্ঞান)
ক শিল্প খ বাণিজ্য
গ প্রত্যক্ষ সেবা ঘ প্রত্যক্ষ বিনিময় **গ**

২৮. সেবা শিল্পের অন্তর্ভুক্ত হলো — (অনুধাবন)
i. বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ
ii. ব্যাংকিং
iii. বিমান
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**উদ্দীপকটি পড়ো এবং ২৯-৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
রবিন গঞ্জে একটা মুদি দোকান চালায়। সে শহর থেকে মালামাল কিনে এনে দোকানে বিক্রয় করে। পুঁজি কম থাকায় বেশি মাল একত্রে আনতে পারে না। এজন্য বার বার মাল কিনতে যাওয়ায় নানান সমস্যা হয়। সে মনে করে পুঁজি বেশি থাকলে সে অনেক সমস্যা কাটিয়ে উঠতে পারতো।

২৯. রবিন বাণিজ্যের কোন ধরনের প্রতিবন্ধকতা দূর করে? (প্রয়োগ)
ক ব্যক্তিগত খ স্থানগত
গ রূপগত ঘ কালগত **খ**

৩০. বার বার শহরে মাল কিনতে যাওয়ায় রবিনের যে সমস্যা হয়, তা হলো — (উচ্চতর দক্ষতা)
i. পরিবহন ব্যয় বৃদ্ধি পায়
ii. কম মাল কেনায় দাম বেশি পড়ে
iii. মাঝে-মধ্যেই দোকান বন্ধ রাখতে হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৩১. ব্যবসায়ের মাধ্যমে কোনটি সম্ভব হয়? (অনুধাবন)
ক ডাক্তারি সেবা প্রদান খ অর্থনৈতিক উন্নয়ন
গ আইন প্রণয়ন
ঘ সামাজিক কাঠামোর পরিবর্তন **খ**

৩২. ব্যবসায় উন্নয়ন ঘটায় — (অনুধাবন)
i. গবেষণার ii. সৃজনশীল কাজের
iii. শিল্পের
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৩৩. ব্যবসায় পরিবেশের উপাদানগুলোকে প্রধানত কয় ভাগে ভাগ করা যায়? (জ্ঞান)
ক ৪ ভাগে খ ৫ ভাগে
গ ৬ ভাগে ঘ ৭ ভাগে **গ**

৩৪. ধর্মীয় বিশ্বাস কোন পরিবেশের উপাদান? (জ্ঞান)
ক প্রাকৃতিক খ রাজনৈতিক
গ আইনগত ঘ সামাজিক **ঘ**

৩৫. মানব সম্পদ কোন পরিবেশের উপাদান? (অনুধাবন)
ক সামাজিক খ অর্থনৈতিক
গ রাজনৈতিক ঘ প্রাকৃতিক **ক**

৩৬. আইন-শৃঙ্খলা কোন পরিবেশের উপাদান? (জ্ঞান)
ক অর্থনৈতিক খ সামাজিক
গ রাজনৈতিক ঘ আইনগত **গ**

http://teachingbd.com

৩৭. **পরিবেশ দ্বারা প্রভাবিত হয় —** (অনুধাবন)
i. মানুষের জীবনধারা ii. সংস্কৃতি
iii. অর্থনীতি
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৩৮. **প্রযুক্তিগত পরিবেশের উপাদান —** (অনুধাবন)
i. প্রযুক্তি শিক্ষা ii. কারিগরি দক্ষতা
iii. মানব সম্পদ
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৩৯. **মসলিন কাপড়ের জন্যে কোন স্থানের নাম সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল?** (জ্ঞান)
ক সোনারগাঁও খ ঢাকা
গ রাজশাহী ঘ নারায়ণগঞ্জ **ক**

৪০. **সমুদ্র বন্দর ও জাহাজ নির্মাণ শিল্পের জন্যে কোন স্থানের নাম সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল?**
ক ঢাকা খ খুলনা
গ নারায়ণগঞ্জ ঘ চট্টগ্রাম **ঘ**

৪১. **পর্তুগিজরা কোন স্থানকে ক্ষুদ্র বন্দর নামে অভিহিত করেন?** (জ্ঞান)
ক তাম্রলিপ্ত খ সপ্তগ্রাম
গ নারায়ণগঞ্জ ঘ চট্টগ্রাম **খ**

৪২. **সপ্তগ্রামের আন্তর্জাতিক বাণিজ্য কোন দুটি নদীর মাধ্যমে সংঘটিত হতো?** (জ্ঞান)
ক পদ্মা ও ভাগীরথী খ স্বরস্বতী ও মেঘনা
গ ভাগীরথী ও স্বরস্বতী ঘ ভাগীরথী ও যমুনা **গ**

৪৩. **প্রাচীনকালে আরবগণ দলে দলে এদেশে আগমন করেছিল কেন?** (অনুধাবন)
ক মসলিন কাপড়ের জন্যে
খ জাহাজ শিল্পের জন্যে
গ বাণিজ্যের খ্যাতির জন্যে
ঘ খাদ্যশস্যের জন্যে **গ**

৪৪. **সপ্তগ্রাম বন্দরটি কোন এলাকায় অবস্থিত ছিল?** (জ্ঞান)
ক পূর্ববঙ্গো খ পশ্চিমবঙ্গো
গ উত্তরবঙ্গো ঘ দক্ষিণবঙ্গো **খ**

৪৫. **শিক্ষা ও সংস্কৃতি ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান?** (জ্ঞান)
ক সামাজিক খ রাজনৈতিক
গ আইনগত ঘ প্রাকৃতিক **ক**

৪৬. **করিমের বাড়ি সিলেট জেলায়। সে দেশের ঐতিহ্য রক্ষা করা যায় এমন ব্যবসায় করতে আগ্রহী। তার জন্যে কোন ব্যবসায়টি উপযুক্ত হবে?**
ক তাঁত শিল্প খ বাঁশ-বেত শিল্প
গ ঝিনুক শিল্প ঘ মৃৎ শিল্প **খ**

৪৭. **কী কারণে দেশি ও বিদেশি বিনিয়োগকারীগণ বিনিয়োগ করতে নিরুৎসাহী হয়?** (অনুধাবন)
ক প্রতিকূল প্রাকৃতিক উপাদান
খ স্বল্প শ্রমের যোগান
গ প্রতিকূল রাজনৈতিক উপাদান
ঘ প্রতিকূল আইনগত উপাদান **গ**

৪৮. **কোনটি শিল্প ও বাণিজ্যের প্রসারে বাধা সৃষ্টি করে?** (অনুধাবন)
ক জনশক্তির অভাব
খ রাজনৈতিক অস্থিতিশীলতা
গ চাহিদার অপ্রতুলতা
ঘ যোগানের স্বল্পতা **খ**

৪৯. **উৎপাদন প্রক্রিয়াকে সহজতর করে কোনটি?**
ক স্থিতিশীল রাজনৈতিক পরিবেশ
খ প্রযুক্তিগত উন্নয়ন
গ অনুকূল শিল্পনীতি
ঘ কাঁচামালের সহজলভ্যতা **খ**

৫০. **দেশের অর্থনীতিতে প্রতি বছর বেড়েই চলেছে** -(অনুধাবন)
i. শিল্পের অবদান ii. বাণিজ্যের অবদান
iii. বিমার অবদান
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৫১. **সোনারগাঁও-এর মসলিন রপ্তানি হতো** –(অনুধাবন)
i. ইউরোপে ii. আমেরিকায়
iii. আফ্রিকায়
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

Teachingbd.com